# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক(পরিকল্পনা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
গ্রীন রোড, ঢাকা।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the
Additional Director General (Planning)
Block-F, Level-5, Pani Bhaban,
Green Road, Dhaka
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২১-১৪১ তারিখ ঃ- ০৬-১২-২০২১ খ্রিঃ

## দপ্তরাদেশ

গত ১৩-১২-২০২০ খ্রিঃ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে "নেত্রকোনা জেলার পূর্বধলা উপজেলার নিষ্কাশন ও সেচ ব্যবস্থার উন্নয়ন" শীর্ষক প্রকল্পের ডিপিপি পুনর্গঠনের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব গোলাম ফারুক আহমেদ, যুগ্ম-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব লিটন কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব শাহনাজ পারভীন, সহকারী প্রধান (সমাজ বিজ্ঞান), পিএমইউ-আইএমআইপি, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৭। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৯। | নির্বাহী প্রকৌশলী, নেত্রকোনা পওর বিভাগ, বাপাউবো, নেত্রকোনা। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত এলাকার সংশ্লিষ্ট সকল নদী/খালসমূহ পুনরুদ্ধার ও ব্যবস্থাপনার নিরীখে সেচ সংকট, পানির প্রবাহ, নদী/খালসমূহ ভরাটের কারণ, বৈশিষ্ট্য ও গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনা ও তার জন্য প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন করবেন;

গ) প্রস্তাবিত এলাকায় হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে নদী/খালসমূহ পুনরুদ্ধার ও ব্যবস্থাপনার নিরীখে ভূ-পরিস্থ পানির মাধ্যমে নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন ও সেচ সুবিধা বৃদ্ধি এবং মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা প্রতিপালনকল্পে সংশ্লিষ্ট নদী/খালসমূহের (channels) নাব্যতা বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান অবকাঠামোর পুনর্বাসন এবং সেচ ক্যানেল নেটওয়ার্ক, সেচ ইনলেট নির্মাণসহ অন্যান্য কাজের বা জল অবকাঠামো নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;

ঘ) প্রযোজ্য ক্ষেত্রে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর পরিমাণ, ব্যবহার ও ব্যবস্থাপনা ব্যয় নিরূপণ করবেন;

ঙ) প্রযোজ্য ক্ষেত্রসমূহে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য দৃষ্টি নন্দন ওয়াকওয়ে, সিড়ি/ঘাট, ওয়াশরুম ও বেঞ্চ নির্মাণ, তীর বরাবর পার্ক নির্মাণ ও গাছপালা রোপনসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

চ) বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ তথ্য-উপাত্ত ভিত্তিক প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ছ) প্রকল্পটি বা এর কোন অঙ্গ অন্যান্য শীঘ্র বাস্তবায়িত, চলমান বা বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত হলে যথাযথ প্রমাণকসহ করনীয় বিষয়ে সুপারিশ পেশ করবেন।

জ) কারিগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো Sustainable হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঝ) প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য প্রকল্প ব্যয় ও কি পরিমান সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;

ঞ) প্রস্তাবিত প্রকল্প গ্রহণ আর্থিক দৃষ্টিকোণ থেকে যুক্তিযুক্ত কি না, তা নিরূপণ করবেন;

ট) প্রকল্প বাস্তবায়নে পরিবেশগত বিরূপ প্রভাব বিশ্লেষণ ও ঋণাত্মক প্রভাব নিরাময়ের সম্ভাব্য উপায়সমূহ নিরূপণপূর্বক পরিবেশ সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন প্রণয়ন ও সংযুক্ত করবেন;

ঠ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ড) কমিটি WARPO Guidelines অনুসরন করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের Soft Copy(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের adgpl.bwdb@gmail.com ঠিকানায় E-mail যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

*চলমান পৃষ্ঠা-২*

**বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
২। জনাব গোলাম ফারুক আহমেদ, যুগ্ম-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। জনাব লিটন কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। জনাব শাহনাজ পারভীন, সহকারী প্রধান (সমাজ বিজ্ঞান), পিএমইউ-আইএমআইপি, বাপাউবো, ঢাকা।
৬। জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৮। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৯। নির্বাহী প্রকৌশলী, নেত্রকোনা পওর বিভাগ, বাপাউবো, নেত্রকোনা।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১। প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২-৩। প্রধান প্রকৌশলী, নকশা/কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, পিএমইউ-আইএমআইপি, বাপাউবো, ঢাকা।
৫। যুগ্ম-প্রধান, যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ পওর সার্কেল, বাপাউবো, ময়মনসিংহ।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। **বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।**
৮। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৯-১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ইস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।